**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

# সংবাদ গতিধারা

**ঢাকা, মঙ্গলবার ১৬ ফেব্রুয়ারি ২০১৬, ৪ ফাল্গুন ১৪২২**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। ট্রেড ইউনিয়ন করার অধিকার পাচ্ছেন ইপিজেড শ্রমিকেরা
: মন্ত্রিসভায় আইনের খসড়া অনুমোদন

২। প্রধানমন্ত্রীর সঙ্গে তিন ব্রিটিশ এমপির সাক্ষাৎ

৩। বাংলাদেশ থেকে ওষুধ, চাল এবং বালু আমদানিতে আগ্রহী মালদ্বীপ : বাণিজ্যমন্ত্রী

৪। বঙ্গবন্ধু আন্তর্জাতিক বিমানবন্দর নির্মাণে আগ্রহী জাপান

৫। অবসরপ্রাপ্ত বিচারপতিদের প্র্যাকটিস বন্ধে হাইকোর্টের রিট

৬। বায়োমেট্রিক পদ্ধতিতে সিম নিবন্ধনের ফলে
মোবাইলের মাধ্যমে অপরাধ কর্মকাণ্ড বন্ধ হবে : স্পিকার

৭। প্রতিদিন ৮৫৫টি গাড়ি নিবন্ধিত হচ্ছে : সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী

৮। সাউথ এশিয়ান গেমসে স্বর্ণপদক জয়ী মাহফুজা ও মাবিয়ার দায়িত্ব নিলেন প্রধানমন্ত্রী

৯। সুন্দরবন পরিদর্শন করলেন রাষ্ট্রপতি

১০। এটিএম বুথে এন্টি-স্কিমিং ডিভাইস বাধ্যতামূলক : বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা জারি

১১। কিছু ক্ষতি হলেও রামপাল কয়লাভিত্তিক বিদ্যুৎকেন্দ্র সরবে না : অর্থমন্ত্রী

১২। এনআইডি সংশোধন হবে মাঠ পর্যায়ে : নির্বাচন কমিশনের কেন্দ্রীয় উইংয়ে সেবা বন্ধ

চলমান পাতা-২

**১। ট্রেড ইউনিয়ন করার অধিকার পাচ্ছেন ইপিজেড শ্রমিকেরা : মন্ত্রিসভায় আইনের খসড়া অনুমোদন**

রফতানি প্রক্রিয়াকরণ এলাকায় শ্রমিকদের ট্রেড ইউনিয়নের আদলে শ্রমিক কল্যাণ সমিতি করার অধিকার দিয়ে 'বাংলাদেশ ইপিজেড শ্রম আইন ২০১৬'-এর আইনের খসড়ার চূড়ান্ত অনুমোদন দেওয়া হয়েছে। এর মাধ্যমে শ্রমিকরা দর-কষাকষির অধিকারও পেতে যাচ্ছেন। গতকাল **১৫** ফেব্রুয়ারি সোমবার সচিবালয়ে মন্ত্রিসভার বৈঠকে এ অনুমোদন দেওয়া হয়। এতে সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র-**ইনকিলাব** (শেষ পৃ,ক.১), **যুগান্তর** (পৃ.১ ক.৫), **ডেইলি সান** (পৃ,১. ক.২), **ইন্ডিপেনডেন্ট** ( পৃ.১ ক.১), **নিউ এজ, ডেইলি স্টার** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**২। প্রধানমন্ত্রীর সঙ্গে তিন ব্রিটিশ এমপির সাক্ষাৎ**

ঢাকায় যুক্তরাজ্যের ভিসাকেন্দ্র পুনরায় চালু করার ব্যাপারে সহায়তা করার আশ্বাস দিয়েছেন সফররত তিন ব্রিটিশ পার্লামেন্ট সদস্য। দেশটির বিরোধী দল লেবার পার্টির এমপিরা গতকাল **১৫** ফেব্রুয়ারি সোমবার প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সাক্ষাৎকালে এ আশ্বাস দেন। সূত্র-**প্রথম আলো** (পৃ.২,ক.৫), **ডেইলি সান** (পৃ.৩,ক.৩), **নিউ এজ** (পৃ.৩,ক.৩), **অবজারভার** (শেষ পৃ.,ক.৪)।

**৩। বাংলাদেশ থেকে ওষুধ, চাল এবং বালু আমদানিতে আগ্রহী মালদ্বীপ : বাণিজ্যমন্ত্রী**

বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেছেন, বাংলাদেশের তৈরি ওষুধ, উৎপাদিত চাল এবং বালু আমদানি করতে আগ্রহ প্রকাশ করেছে দ্বীপরাষ্ট্র মালদ্বীপ। গতকাল **১৫** ফেব্রুয়ারি সোমবার সচিবালয়ে বাংলাদেশে নিযুক্ত মালদ্বীপের রাষ্ট্রদূত ড. মোহাম্মেদ অসিমের সঙ্গে মতবিনিময় শেষে তিনি একথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৬), **সমকাল** (পৃ.১২,ক.১), **প্রথম আলো** (পৃ,১২.ক.৪), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ,১৬.ক.৫)।

**৪। বঙ্গবন্ধু আন্তর্জাতিক বিমানবন্দর নির্মাণে আগ্রহী জাপান**

বঙ্গবন্ধু আন্তর্জাতিক বিমানবন্দর নির্মাণে জাপান আগ্রহ প্রকাশ করেছে বলে জানিয়েছেন পরিকল্পনা মন্ত্রী আ হ ম মুস্তফা কামাল। এ সময় বর্তমান সরকারের বিনিয়োগবান্ধব নীতির সুযোগ কাজে লাগিয়ে বাংলাদেশের যোগাযোগ খাতসহ বিভিন্ন অবকাঠামো উন্নয়নে জাপানি উদ্যোক্তাদের এগিয়ে আসার আহ্বান জানান তিনি। গতকাল **১৫** ফেব্রুয়ারি সোমবার পরিকল্পনা মন্ত্রণালয়ে পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামালের সঙ্গে বাংলাদেশের জাপানের রাষ্ট্রদূত মাসাতো ওয়াতানবি এবং জাইকার কান্ট্রি ডিরেক্টর মিকিও হাতাডেয়া সাক্ষাৎকালে এ আগ্রহের কথা প্রকাশ করেছে বলে তিনি জানান । সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫),

**৫। অবসরপ্রাপ্ত বিচারপতিদের প্র্যাকটিস বন্ধে হাইকোর্টের রিট**

সুপ্রিম কোর্টের অবসরপ্রাপ্ত বিচারপতিদের আইন পেশার ওপর নিষেধাজ্ঞা চেয়ে হাইকোর্টে রিট করেছেন এক আইনজীবী। গতকাল **১৫** ফেব্রুয়ারি সোমবার ইউনুস আলী আকন্দ সংশ্লিষ্ট শাখায় এ রিট করেন। আবেদনে পঞ্চদশ সংশোধনীর **৩৩** ধারাকেও চ্যালেঞ্জ করা হয়েছে। বিচারপতি কৃষ্ণ দেবনাথের বেঞ্চে আগামী সপ্তাহে এ

বিষয়ে শুনানি হতে পারে বলে জানিয়েছেন রিটকারী আইনজীবী।

সূত্র-**ইনকিলাব** ( পৃ.১,ক.১), **সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১ ক.৮), **নিউ নেশন** শেষপৃ. ক.৫)।

**৬। বায়োমেট্রিক পদ্ধতিতে সিম নিবন্ধনের ফলে মোবাইলের মাধ্যমে অপরাধ কর্মকাণ্ড বন্ধ হবে : স্পিকার**

জাতীয় সংসদের স্পিকার ড. শিরীর শারমীন চৌধুরী বলেছেন, বায়োমেট্রিক পদ্ধতিতে সিম নিবন্ধনের ফলে মোবাইল ফোন ব্যবহারের মাধ্যমে সংঘটিত অপরাধ কর্মকাণ্ড বন্ধ হবে। এর ফলে দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতিতে আরও উন্নতি হবে এবং জননিরাপত্তা নিশ্চিত হবে। গতকাল **১৫** ফেব্রুয়ারি সোমবার জাতীয় সংসদের মিডিয়া সেন্টারে ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয় আয়োজিত বায়োমেট্রিক পদ্ধতিতে সিম নিবন্ধন কার্যক্রমের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এ কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.৭,ক.৪), **সমকাল** (পৃ.১৯,ক.৫), **ডেইলি সান** (পৃ.১৪,ক.৩), **নিউ নেশন** (পৃ.৩,ক.৬)।

**৭। প্রতিদিন ৮৫৫টি গাড়ি নিবন্ধিত হচ্ছে : সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী**

দেশে প্রতিদিন গড়ে ৮৫৫টি নতুন গাড়ি নিবন্ধিত হচ্ছে বলে সংসদকে জানিয়েছেন সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। গতকাল **১৫** ফেব্রুয়ারি সোমবার সংসদে প্রশ্নোত্তরে তিনি এ কথা জানান। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.৫), **যুগান্তর** (পৃ,১৬.ক.৬), **জনকণ্ঠ** (পৃ,৩.ক.৫), **ডেইলি সান** (পৃ,৩.ক.১)।



**৮। সাউথ এশিয়ান গেমসে স্বর্ণপদক জয়ী মাহফুজা ও মাবিয়ার দায়িত্ব নিলেন প্রধানমন্ত্রী**

সাউথ এশিয়ান (এস এ) গেমসে স্বর্ণপদক জয়ী মাহফুজা খাতুন শিলা ও মাবিয়া আক্তার সীমান্ত এবং তাদের পরিবারের সার্বিক দায়িত্ব নিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল **১৫** ফেব্রুয়ারি সোমবার সচিবালয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে প্রধানমন্ত্রী বলেন, মাবিয়ার পরিবারের দায়িত্ব রাষ্ট্রকেই নিতে হবে। তারা যাতে ভালো জায়গায় থাকতে পারেন সেজন্য ঘরবাড়ি করে দেওয়া হবে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **সমকাল** (পৃ.১,ক.৬), **অবজারভার** (শেষ পৃ,ক.৬)।

**৯। সুন্দরবন পরিদর্শন করলেন রাষ্ট্রপতি**

পৃথিবীর বৃহত্তম ম্যানগ্রোভ বন সুন্দরবন পরিদর্শন করেছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। গতকাল **১৫** ফেব্রুয়ারি সোমবার হেলিকপ্টারে করে সুন্দরবনের হিরণ পয়েন্টে পৌঁছেন তিনি। রাষ্ট্রপতি সুন্দরবনের নৈসর্গিক সৌন্দর্য ঘুরে দেখেন। বিভিন্ন স্থান পরিদর্শন শেষে বিকেলে হেলিকপ্টারে করে পটুয়াখালী যান রাষ্ট্রপতি। তিনি সেখানে নবনির্মিত পায়রা সমুদ্রবন্দর ও সাগর কন্যা কুয়াকাটার দর্শনীয় বিভিন্ন স্থান ঘুরে দেখেন। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ,ক.১), **যুগান্তর** (পৃ.২ ক.৪), **ইত্তেফাক** (পৃ,৪.ক.৪)।

**১০। এটিএম বুথে এন্টি-স্কিমিং ডিভাইস বাধ্যতামূলক : বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা জারি**

সম্প্রতি গ্রাহকের তথ্য চুরি করে ক্লোন কার্ড বানিয়ে লাখ লাখ টাকা হাতিয়ে নেয়ার ঘটনার পর প্রতিটি এটিএম বুথে জালিয়াতি প্রতিরোধের ব্যবস্থা বাধ্যতামূলক করাসহ ছয় দফা নির্দেশনা জারি করেছে বাংলাদেশ ব্যাংক। গতকাল **১৫** ফেব্রুয়ারি সোমবার কেন্দ্রীয় ব্যাংকের পেমেন্ট সিষ্টেম ডিপার্টমেন্ট থেকে জারিকৃত সার্কুলারে এ নির্দেশনা দেওয়া হয়। এতে বলা হয়, সব ব্যাংককেই প্রতিটি বুথে এক মাসের মধ্যে একটি এন্টি স্কিমিং ও পিন শিল্ড ডিভাইস স্থাপন করতে হবে। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.৬), **ইত্তেফাক** (পৃ,১.ক.৭), **ডেইলি সান** (পৃ,১.ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১ ক.৫), **যায়যায়দিন, নিউজ টুডে** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**১১। কিছু ক্ষতি হলেও রামপাল কয়লাভিত্তিক বিদ্যুৎকেন্দ্র সরবে না : অর্থমন্ত্রী**

সুন্দরবনের কাছে রামপাল কয়লাভিত্তিক বিদ্যুৎকেন্দ্রের নেতিবাচক কিছু প্রভাব পরিবেশের ওপর পড়বে স্বীকার করে নিয়েও প্রকল্পটি না সরানোর পক্ষে সরকারের অবস্থান জানিয়েছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। সূত্র-**যায়যায়দিন** (পৃ.১,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৮,ক.৩), **অবজারভার** (পৃ.১,ক.৪)।

**১২। এনআইডি সংশোধন হবে মাঠ পর্যায়ে : নির্বাচন কমিশনের কেন্দ্রীয় উইংয়ে সেবা বন্ধ**

ঢাকা থেকে সারাদেশের জাতীয় পরিচয়পত্র (এনআইডি কার্ড) সংশোধনীর সুযোগ বন্ধ করে দিয়েছে নির্বাচন কমিশন। এজন্য এখন থেকে মাঠ পর্যায়ে অথাৎ সংশ্লিষ্ট থানা-উপজেলা নির্বাচন কার্যালয়ে যেতে হবে। এ বিষয়ে ইসি কার্যালয়ের সচিব মো. সিরাজুল ইসলাম গতকাল **১৫** ফেব্রুয়ারি সোমবার বলেন **১৫** ফেব্রুয়ারির পর এনআইডি সংশোধনের জন্য সবাইকেই সংশ্লিষ্ট থানা অথবা উপজেলা নির্বাচন কার্যালয়ে আবেদন করতে হবে। সেখান থেকে কাগজপত্র বাছাইয়ের পরেই জাতীয় তথ্যভান্ডার থেকে সংশোধন করার সুযোগ পাওয়া যাবে তিনি বলেন, ইসির এনআইডি উইংয়ে অতিরিক্ত চাপ সামলাতেই এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১,ক.৩)।

=৪=

## সম্পাদকীয়

ক. **প্রথম আলো, যায়যায়দিন, ইন্ডিপেনডেন্ট :** ব্যাংকের এটিএম কার্ড ক্লোন করে অর্থ আত্মসাতের ঘটনা গ্রাহকের সাথে সাথে তথ্য প্রযুক্তি নির্ভর আধুনিক ব্যাংকিং ব্যবস্থার জন্য উদ্বেগজনক উল্লেখ করে এ ধরনের জালিয়াতির রোধে কার্যকর ব্যবস্থা গ্রহণ করার সুপারিশ।

খ. **ইত্তেফাক :** অধিনায়ক মেহেদী হাসান মিরাজ সদ্য সমাপ্ত অনূর্ধ্ব-**১৯** বিশ্বকাপে টুর্নামেন্ট সেরা খেলোয়াড়ের স্বীকৃতি পাওয়ায় তাকে অভিনন্দন জানিয়ে কোনো বৈশ্বিক প্রতিযোগিতায় বাংলাদেশের ক্রিকেটারের টুর্নামেন্ট সেরা হওয়ার ঘটনা এটাই প্রথম বলে মন্তব্য।

গ. **সংবাদ, প্রথম আলো, যায়যায়দিন, ডেইলি স্টার, নিউ এজ, ইন্ডিপেনডেন্ট :** সেল ফোন চুরির অপরাধে রাজশাহীর পবা উপজেলার বাগমারা গ্রামে দুই কিশোরকে হাত পা বেঁধে সাত ঘন্টা

নির্যাতন করার নৃশংস ঘটনার নিন্দা জানিয়ে এ ঘটনার জন্য অভিযুক্ত সেনাবাহিনী ও র‌্যাবের সদস্যের অবিলম্বে বিচার দাবি।

ঘ. **সমকাল :** বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে মেডিসিন বিভাগের একজন ডাক্তারের সঙ্গে অ্যানেসথেসিয়া বিভাগের এক ডাক্তারের কথা কাটাকাটির জের ধরে উক্ত বিভাগের সব ডাক্তারের কর্মবিরতির জন্য দুই ঘন্টা অস্ত্রোপাচার বন্ধ থাকায় রোগীদের দুর্ভোগের কারণ হয়ে দাঁড়ায় উল্লেখ করে চিকিৎসা সেবার মহান পেশায় নিয়োজিত ডাক্তাদের এহেন কর্মকান্ড নিন্দনীয় বলে মত প্রকাশ।

ঙ. **জনকণ্ঠ :** জিকা ভাইরাস প্রতিরোধে সবাইকে সচেতন হওয়ার আহবান।

চ. **নিউ এজ :** বিদেশে মানব পাচার বন্ধে বৈধ পথে দক্ষ শ্রমিক দেশ হতে পাঠানোর সুপারিশ।

ছ. **ডেইলি স্টার :** জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের কিছু শিক্ষক একটি পরীক্ষার উত্তরপত্র দেখে ফলাফল দিতে নয় মাস দেরি করার কথা উল্লেখ করে শিক্ষা ক্ষেত্রে এধরনের অনিয়ম কাম্য নয় বলে মত প্রকাশ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**যুগান্তর** পত্রিকায় প্রকাশিত কলামে পরিবেশের বিপর্যয় সৃষ্টি করে ভবিষ্যৎ প্রজন্মের টিকে থাকাকে অনিশ্চিত করে এবং পরিবেশের ক্ষতি করে ভ্রান্ত উন্নয়নের পথ কাম্য হতে পারেনা বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'সুন্দরবনকে ভালোবাসুন'** শিরোনামের নিবন্ধে সতীর্থ রহমান বিশ্ব ভালোবাসা দিবসে দেশের মানুষের ভালোবাসার বিষয় হোক সুন্দরবন বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/শুকলা/সাঈদা/রশীদ/২০১৫/৯.০০ ঘণ্টা